# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

প্রকাশনা ও বিপণন দপ্তর

স্মারক নং-৪৬(৩৭)জাতীঃবিঃ/প্রঃওবিঃদঃ/প্রকাশনা নীতিমালা-২০২৬/৫০২

তারিখঃ ১৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বরাবর
সকল বিভাগ/ডিসিপ্লিন (বিশ্ববিদ্যালয়) এবং অধ্যক্ষ

**বিষয় ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের প্রায় ৩০ (ত্রিশ) লক্ষ শিক্ষার্থীর জন্য ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে নতুন সিলেবাস অনুযায়ী 'বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক রচনায় অংশ গ্রহণ প্রসঙ্গে।**

মহোদয়
আস্‌সালামু আলাইকুম।
আপনার সদয় অবগতির নিমিত্তে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি এবং বেসরকারি কলেজসমূহের প্রায় ৩০ (ত্রিশ) লক্ষ শিক্ষার্থীর জন্য ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ডিগ্রী পাস কোর্স, অনার্স ও মাস্টার্স পর্যায়ে নতুন সিলেবাস অনুযায়ী মানসম্পন্ন ও যুগোপযোগী 'বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক' রচনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

আপনার বিভাগের/ডিসিপ্লিনের সম্মানিত শিক্ষক/শিক্ষাবিদ,গবেষকবৃন্দ ও প্রথিতযশা বিষয় বিশেষজ্ঞগণ পুস্তক প্রণয়নের জন্য আগ্রহী হলে তাঁদের লেখার বিষয়ের শিরোনাম, অধ্যায় ও পুস্তক প্রকাশনা সম্পর্কিত পূর্ব অভিজ্ঞতার বিবরণ এতদ্‌সঙ্গে সংযুক্ত করতঃ **আগামী ৩০/০৯/২০২৬ তারিখের** মধ্যে প্রকাশনা ও বিপণন দপ্তরের ই-মেইলে অথবা ডাক যোগে নিম্ন ঠিকানায় প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিদ, গবেষকবৃন্দ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি এবং বেসরকারি কলেজের প্রথিতযশা বিষয় বিশেষজ্ঞগণ থেকে পাণ্ডুলিপি জমা গ্রহণের নিমিত্তে ইতোমধ্যে দু'টি অনলাইন পত্রিকাসহ ০৪ (চার)টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞাপনটি প্রকাশ করা হয়েছে। যে সকল সম্মানিত লেখক উক্ত বিজ্ঞাপনের আলোকে ইতোপূর্বে আবেদন/তথ্যাদি জমা দিয়েছেন তাঁদের নতুন করে আবেদন জমা প্রদানের প্রয়োজন নেই।

***আরো উল্লেখ্য যে, ইতোমধ্যে পাঠ্য পুস্তক প্রকাশ, জার্নালসহ বিশ্ববিদ্যালয়ের যাবতীয় প্রকাশনা প্রকাশের জন্য বাংলা একাডেমি ও দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড (ইউপিএল)-এর সাথে এমওইউ (MoU) স্বাক্ষরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করাসহ দেশের প্রসিদ্ধ ও গুরুত্বপূর্ণ পাবলিকেশনের সাথে চুক্তির প্রক্রিয়া চলমান। ফলশ্রুতিতে বিজ্ঞ লেখকগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের প্রায় ৩০ (ত্রিশ) লক্ষ শিক্ষার্থীর জন্য পুস্তক প্রকাশনার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখাসহ শিক্ষা সেবার পাশাপাশি আর্থিকভাবেও লাভবান হবার সুযোগ থাকবে।***

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

ধন্যবাদান্তে

৩১/০৮/২৬

(ডক্টর ফারুক আহম্মদ)
পরিচালক (ভারপ্রাপ্ত)
প্রকাশনা ও বিপণন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন : ০২৯৯৬৬৯১৮৭৬
মোবাইল : ০১৭১৩ ২০৫৩২৭
ইমেইল : pdnu1646@gmail.com

# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

## বিজ্ঞপ্তি

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য মানসম্পন্ন পাঠ্যপুস্তক লেখার আহ্বান

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশনা ও বিপণন দপ্তর কর্তৃক 'বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক রচনা' এর কার্যক্রমকে সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের নিমিত্তে শিক্ষার্থীদের জন্য নতুন সিলেবাস অনুযায়ী মানসম্পন্ন পাঠ্যপুস্তক রচনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষক ও বিষয় বিশেষজ্ঞগণ এই গ্রন্থ রচনায় অংশ নিতে পারবেন। গ্রন্থ রচনার বিষয়সমূহ হচ্ছে :

**গ্রুপ : কলা**

১. বাংলা
২. ইংরেজি
৩. আরবি
৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৫. ইসলামিক স্টাডিজ
৬. ইতিহাস
৭. সংস্কৃত
৮. দর্শন
৯. পালি
১০. মিউজিক
১১. আইন
১২. স্পোর্টস

**গ্রুপ : বিজ্ঞান**

১৩. গণিত
১৪. উদ্ভিদবিজ্ঞান
১৫. পরিবেশ বিজ্ঞান
১৬. পরিসংখ্যান
১৭. প্রাণ-রসায়ন
১৮. প্রাণিবিজ্ঞান
১৯. ভূগোল ও পরিবেশ
২০. গার্হস্থ্য অর্থনীতি
২১. মৃত্তিকা বিজ্ঞান
২২. মনোবিজ্ঞান
২৩. রসায়ন
২৪. পদার্থবিজ্ঞান
২৫. নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স
২৬. কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং

**গ্রুপ : সামাজিক বিজ্ঞান**

২৭. অর্থনীতি
২৮. রাষ্ট্রবিজ্ঞান
২৯. সমাজকর্ম
৩০. সমাজবিজ্ঞান
৩১. নৃবিজ্ঞান
৩২. গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান

**গ্রুপ : বাণিজ্য**

৩৩. ফিন্যান্স এণ্ড ব্যাংকিং
৩৪. মার্কেটিং
৩৫. ব্যবস্থাপনা
৩৬. হিসাববিজ্ঞান
৩৭. ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট
৩৮. বিবিএ

**প্রফেশনাল বিষয়সমূহ**

৩৯. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই)
৪০. ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি
৪১. এ্যাপারেল ম্যানুফ্যাকচার এণ্ড টেকনোলজি
৪২. নিটওয়্যার ম্যানুফ্যাকচার এণ্ড টেকনোলজি
৪৩. ব্যাচেলর অব এডুকেশন (বিএড)
৪৪. থিয়েটার এন্ড মিডিয়া স্টাডিজ
৪৫. এ্যাভিয়েশন ম্যানেজমেন্ট এন্ড এ্যারোনটিক্স
৪৬. ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট
৪৭. ফায়ার ডিফেন্স এন্ড টেকনোলজি
৪৮. ফাইন আর্টস (চারু কলা)

**পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রামের বিষয়সমূহ (পিজিডি)**

৪৯. সাইবার সিকিউরিটি
৫০. ডাটা অ্যানালাইটিকস
৫১. ইনফরমেশন এণ্ড কমিউনিকেশন টেকনোলজী (আইসিটি)
৫২. লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স
৫৩. ল্যাংগুয়েজ: (আরবি, ইংরেজি)
৫৪. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট
৫৫. ট্যুরিজম অ্যান্ড ট্রাভেল ম্যানেজমেন্ট
৫৬. ডিজিটাল মার্কেটিং
৫৭. আইসিটি ইন অ্যাকাউন্টিং এন্ড বিজনেস
৫৮. ইসলামী ব্যাংকিং এণ্ড ফাইনান্স

বিঃদ্রঃ **আইসিটি ও এ্যাডভান্সড আইসিটি সকল গ্রুপের জন্য বাধ্যতামূলক।**

উল্লিখিত বিষয়ে বিদ্যমান সিলেবাস অনুযায়ী পাঠ্যপুস্তক রচনার জন্য আগ্রহী শিক্ষকগণকে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। বিস্তারিত জানার জন্য https://www.nu.ac.bd/publication-section.php লিংকে ক্লিক করুন।

উল্লেখ্য, পাঠ্যপুস্তক রচনার জন্য লেখকগণকে বিশ্ববিদ্যালয়ের বিধি-মোতাবেক সম্মানী প্রদান করা হবে।

31/08/26

(ডক্টর ফারুক আহম্মদ)
পরিচালক (ভারপ্রাপ্ত)
প্রকাশনা ও বিপণন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন : ০২৯৯৬৬৯১০৭৩
মোবাইল : ০১৭১৩ ২০৫৩২৭
ইমেইল : pdnu1646@gmail.com

H:\advertisement 2026.docx